# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৯৮০

পর্ব-৭: সওম (রোযা) (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - নতুন চাঁদ দেখার বর্ণনা

### আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَتَحَفَّظُ مِنْ شَعْبَانَ مَالَا يَتَحَفَّظُ مِنْ غَيْرِهِ. ثُمَّ يَصُومُ لِرُؤْيَةِ رَمَضَانَ فَإِنْ غُمَّ عَلَيْهِ عَدَّ ثَلَاثِينَ يَوْمًا ثُمَّ صَامَ. رَوَاهُ أَبُو دَاوُد

### বাংলা

১৯৮০-[১২] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শা’বান মাসে যেরূপ সতর্ক থাকতেন অন্য মাসে এতটা সতর্ক থাকতেন না। তারপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) রমাযানের চাঁদ দেখে সওম পালন করতেন। আকাশ মেঘলা থাকলে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) (শা’বান মাস) ত্রিশদিন পুরা করার পর সওম শুরু করতেন। (আবূ দাঊদ)[1]

### ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ২৩২৫, আহমাদ ২৫১৬১, সহীহ ইবনু হিববান ১৯১০, দারাকুত্বনী ২১৪৯, মুসতাদারাক লিল হাকিম ১৫৪০, সহীহ ইবনু হিব্বান ৩৪৪৪, ইরওয়া ৯০৩, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৭৯৩৯।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (يَتَحَفَّظُ مِنْ شَعْبَانَ)‘‘শা‘বান মাস সংরক্ষণ করতেন’’ অর্থাৎ রমাযানের সিয়াম সংরক্ষণের উদ্দেশে শা‘বান মাসের দিন গণনার জন্য কষ্ট স্বীকার করতেন এবং তা গণনা করতেন এমনি ফেলে রাখতেন না।

(ثُمَّ يَصُومُ لِرُؤْيَةِ رَمَضَانَ) ‘‘অতঃপর রমাযানের চাঁদ দেখা গেলে রমাযানের সিয়াম পালন করতেন’’ অর্থাৎ- ত্রিশে শা‘বানের রাতে রমাযানের চাঁদ দেখা গেলে রমাযানের সিয়াম পালন শুরু করতেন। অন্যথায় শা‘বান মাস ত্রিশদিন পূর্ণ করতেন, অতঃপর রমাযানের সিয়াম শুরু করতেন।

অত্র হাদীসের একজন রাবী ‘‘মু‘আবিয়াহ্ ইবনু সলিহ আল হাযরামী আল হিমসী’’ আন্দালুস-এর একজন কারী।

যদিও তার সম্পর্কে সমালোচনা রয়েছে তথাপি ইমাম মুসলিম তাঁর সহীহ মুসলিমে বর্ণিত হাদীস দলীল হিসেবে গ্রহণ করেছেন। ইমাম বুখারী বলেন, ‘আলী ইবনুল মাদানী বলেছেনঃ ‘আবদুর রহমান ইবনু মাহদী তাকে নির্ভরযোগ্য মনে করতেন। আহমাদ ইবনু হাম্বল তাকে সিকাহ বলে মন্তব্য করেছেন। অতএব হাদীসটি ‘আমলযোগ্য।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56540

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন